# অভিবাসী শিক্ষার্থীদের অধিকার রক্ষার জন্য নিউ ইয়র্ক স্টেটের নির্দেশিকা

## জানুয়ারি 2025

অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল (OAG), নিউ ইয়র্কের গভর্নর ক্যাথি হোচুলের অফিস এবং নিউ ইয়র্ক স্টেট এজুকেশন ডিপার্টমেন্ট (SED) সমস্ত শিক্ষার্থীর অধিকার রক্ষার জন্য দীর্ঘদিন ধরে প্রতিশ্রুতিবদ্ধ, যার মধ্যে সমস্ত অনাগরিক শিক্ষার্থীও অন্তর্ভুক্ত। নিউ ইয়র্কের অভিবাসী শিক্ষার্থীদের শিক্ষা এবং অন্যান্য সরকারি পরিষেবায় সমান সুযোগ নিশ্চিত করার জন্য আমাদের অফিসগুলি আগে থেকেই স্কুল ডিস্ট্রিক্ট এবং স্টেট এজেন্সিগুলিকে বিভিন্ন বিষয়ে নির্দেশিকা জারি করেছে।[1] আমাদের কমিউনিটিগুলিতে সাম্প্রতিক ফেডারেল অভিবাসন পদক্ষেপের হুমকির পরিপ্রেক্ষিতে, আমরা পুনরায় নিশ্চিত করার জন্য লিখছি যে স্কুলগুলি এমন একটি নিরাপদ আশ্রয়স্থল হওয়া উচিত যেখানে সমস্ত শিক্ষার্থীকে স্বাগত জানানো হয় এবং বিনামূল্যে সরকারি শিক্ষা প্রদান করা হয়।

এই নির্দেশিকাটি স্কুল ডিস্ট্রিক্টগুলির জন্য স্টেট এবং ফেডারেল আইনের অধীনে তাদের বাধ্যবাধকতা সম্পর্কিত প্রাসঙ্গিক সংস্থানগুলির দিকে দৃষ্টি আকর্ষণ করে এবং ব্যাখ্যা করে। যদিও নির্দেশিকাটি স্থানীয় নীতিগুলি সম্পর্কে আলোচনা করে না যা অতিরিক্ত সুরক্ষা প্রদান করতে পারে, স্কুল ডিস্ট্রিক্টগুলির তাদের কার্যক্রম পরিচালনাকারী সমস্ত নীতি সম্পর্কে সচেতন থাকা উচিত। অনুপালন সংক্রান্ত যেকোনো প্রশ্ন উঠলে, আমরা স্কুল ডিস্ট্রিক্টগুলিকে SED এবং OAG-এর সাথে যোগাযোগ করতে উৎসাহিত করি।[2]

## I. তালিকাভুক্তি এবং নিবন্ধনের প্রয়োজনীয়তা

নিউ ইয়র্কের আইন অনুসারে, 5 থেকে 21 বছর বয়সী সমস্ত বাচ্চা যারা হাই স্কুল ডিপ্লোমা পায়নি, তারা যে ডিস্ট্রিক্টে বাস করে সেখানে বিনামূল্যে সরকারি শিক্ষা পাবার অধিকারী।[3] স্কুল ডিস্ট্রিক্টগুলি জাতীয় উৎস, অভিবাসন অবস্থা, বর্ণ, বা ভাষাগত দক্ষতা ইত্যাদি কারণে ভর্তি প্রত্যাখ্যান করতে পারে না।[4] মার্কিন সুপ্রিম কোর্টও দীর্ঘদিন ধরে একইভাবে বলে আসছে যে, শিক্ষার্থীদের তাদের অভিবাসন অবস্থা বা তাদের পিতামাতা বা অভিভাবকদের অবস্থার ভিত্তিতে বিনামূল্যে সরকারি শিক্ষা থেকে বঞ্চিত করা যাবে না।[5] শিক্ষার সমান সুযোগকে বাধাগ্রস্ত করে এমন স্কুল নীতিগুলি ডিস্ট্রিক্টগুলিকে আইনি দায়বদ্ধতার সম্মুখীন করতে পারে এবং স্কুল কমিউনিটিগুলিকে দুর্বল করে দিতে পারে।

নিউ ইয়র্কের স্কুলগুলিতে সকল শিক্ষার্থীকে স্বাগত জানানোর জন্য, আমরা স্কুল ডিস্ট্রিক্টগুলিকে মনে করিয়ে দিচ্ছি যে তারা ভর্তির ক্ষেত্রে বৈষম্যমূলক বাধা সৃষ্টি করবে না বা অন্য কোনো ভাবে অভিবাসী শিক্ষার্থীদের নিবন্ধন করায় নিরুৎসাহিত করবে না।[6] তাই স্কুলগুলিকে অবশ্যই একটি ডিস্ট্রিক্টে বসবাসের বিভিন্ন প্রমাণ বিবেচনা করতে হবে এবং গ্রহণযোগ্য ধরনের নথিপত্রের একটি অ-সম্পূর্ণ তালিকা জনসাধারণের জন্য উপলব্ধ করতে হবে।[7] স্কুলগুলিকে সোশ্যাল সিকিউরিটি কার্ড বা নাম্বার অথবা ভর্তির সময় অভিবাসন অবস্থা প্রকাশ করে এমন কোনো তথ্যের জন্য অনুরোধ করা নিষিদ্ধ।[8] এবং স্কুলগুলিকে অবিলম্বে অভিবাসী এবং আবাসনহীন শিক্ষার্থীদের ভর্তি করতে হবে, এমনকি যদি তাদের বসবাসের প্রমাণ, টিকাদান, স্কুলের রেকর্ড বা নিবন্ধনের জন্য সাধারণত প্রয়োজনীয় অন্যান্য নথিপত্র না থাকে তবুও।[9] তালিকাভুক্তি এবং নিবন্ধনের ক্ষেত্রে স্টেট এবং ফেডারেল বাধ্যবাধকতা সম্পর্কে

অতিরিক্ত নির্দেশনার জন্য, স্কুল ডিস্ট্রিক্টগুলিকে আমাদের 2023 সালের জয়েন্ট এনরোলমেন্ট গাইডেন্স বা যৌথ তালিকাভুক্তি নির্দেশিকাটি দেখার জন্য উৎসাহিত করা হচ্ছে।[10] এছাড়াও, ফেডারেল ম্যাককিনি-ভেন্টো হোমলেস অ্যাসিস্ট্যান্স অ্যাক্ট, সেইসাথে নিউ ইয়র্কের শিক্ষা আইন এবং বাস্তবায়নকারী বিধিগুলি, স্কুল ডিস্ট্রিক্টগুলির জন্য একটি ইতিবাচক বাধ্যবাধকতা তৈরি করে যে তারা গৃহহীনতার সম্মুখীন বা অভিবাসী আশ্রয়কেন্দ্র সহ অস্থায়ী আবাসনে বসবাসকারী শিক্ষার্থীদের জন্য শিক্ষার সুযোগ প্রদান করে।[11] আমাদের 2021 সালের যৌথ ম্যাককিনি-ভেন্টো গাইডেন্স, গৃহহীন শিক্ষার্থীদের চাহিদা মেটাতে স্কুল ডিস্ট্রিক্টগুলিকে কীভাবে তাদের আইনি দায়িত্ব পালন করতে হবে তা বিস্তারিতভাবে বর্ণনা করে।[12] এটি জোর দিয়ে বলে যে, এই ধরনের শিক্ষার্থীদের তাদের মূল স্কুলে অথবা বর্তমান অবস্থানে, তা সে একই ডিস্ট্রিক্টে থাকুক বা না থাকুক, তাৎক্ষণিকভাবে ভর্তি হতে পারার অধিকার রয়েছে।[13] স্কুলগুলি সে সব গৃহহীন শিশু এবং তরুণদের সনাক্ত করার জন্য প্রচারের জন্য দায়ী যাদের সহায়তার প্রয়োজন এবং তাদের সাধারণত কোনো শিক্ষার্থীর অস্থায়ী আবাসস্থলে যাতায়াতের জন্য পরিবহনের ব্যবস্থাও করতে হবে।[14] ম্যাককিনি-ভেন্টো অ্যাক্ট বাস্তবায়ন এবং গৃহহীনতার সম্মুখীন শিক্ষার্থীদের সহায়তা সংক্রান্ত অতিরিক্ত সংস্থানের জন্য, স্কুল ডিস্ট্রিক্টগুলিকে নিউ ইয়র্ক স্টেট টেকনিক্যাল অ্যান্ড এডুকেশন অ্যাসিস্ট্যান্স সেন্টার ফর হোমলেস স্টুডেন্টস (NYS-TEACHS) এর সাথে যোগাযোগ করতে উৎসাহিত করা হচ্ছে।[15]

## II. শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ এবং শিক্ষার্থীদের রেকর্ড অ্যাক্সেস করা

ফেডারেল এবং স্টেট আইন, মূলত 1974 সালের পারিবারিক শিক্ষা এবং গোপনীয়তার অধিকার আইন (FERPA), সাধারণত পিতামাতার সম্মতি ছাড়া ব্যক্তিগতভাবে সনাক্তকরণযোগ্য তথ্য (PII) প্রকাশ করা নিষিদ্ধ করে।[16] এখানে প্রযোজ্য হিসাবে, স্কুলগুলি কেবল তখনই PII প্রকাশ করতে পারে যদি এটি ডিরেক্টরি তথ্য গঠন করে অথবা "বিচারিক আদেশ বা আইনত জারি করা সমনের" প্রতিক্রিয়ায় সরবরাহ করা হয়।[17] ডিরেক্টরি তথ্যে শিক্ষার্থীর নাম, ঠিকানা এবং টেলিফোন নাম্বারের মতো তথ্য অন্তর্ভুক্ত থাকে।[18] এতে অভিবাসন অবস্থা, নাগরিকত্ব, বা জাতীয় উৎসের তথ্য বা ডকুমেন্টেশন অন্তর্ভুক্ত থাকে না এবং স্কুলগুলিকে অবশ্যই এই তথ্য সংগ্রহ করার চেষ্টা করা উচিত নয় যদি না এটি করার প্রয়োজন হয়। যদি নির্দিষ্ট কর্মসূচীতে অংশগ্রহণ বা রিপোর্ট করার প্রয়োজনীয়তার জন্য এই ধরনের তথ্য দরকার হয়, তাহলে তালিকাভুক্তি প্রক্রিয়ার পরে এটি সংগ্রহ করা উচিত এবং যেখানেই সম্ভব নামবিহীন রাখা উচিত। উপরোক্ত ব্যতিক্রম সাপেক্ষে বিচারিক আদেশ বা আইনত জারি করা সমনের জন্য,[19] স্কুলগুলিকে ফেডারেল বা স্থানীয় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের কাছে শিক্ষার্থীদের তথ্য সরবরাহ করার প্রয়োজন নেই।[20]

FERPA স্কুলগুলিকে পিতামাতা, অভিভাবক বা অপ্রাপ্তবয়স্ক শিক্ষার্থীর পূর্ব সম্মতি ছাড়া স্কুল রিসোর্স অফিসার (SRO)-দের কাছে শিক্ষার্থীদের অভিবাসন অবস্থা সম্পর্কিত তথ্য থাকা রেকর্ড প্রকাশ করতে নিষেধ করে, নির্দিষ্ট কিছু পরিস্থিতিতে ব্যতীত যেখানে SRO-দেরকে স্কুল কর্মকর্তা হিসাবে বিবেচনা করা হয়।[21] তারপরও, SRO-রা শুধুমাত্র সেই বৈধ শিক্ষাগত উদ্দেশ্যে শিক্ষা রেকর্ডগুলি থেকে PII ব্যবহার করতে পারে যার জন্য তথ্য চাওয়া হয়েছিল—অর্থাৎ, শিক্ষার্থীদের স্কুলের নিরাপত্তা এবং ফিজিক্যাল সুরক্ষা উৎসাহিত করার জন্য। আমাদের অফিসগুলি পুনর্ব্যক্ত করে যে অভিবাসন অবস্থা সম্পর্কিত তথ্য এই ধরনের স্কুল সুরক্ষার উদ্দেশ্য বা বৈধ শিক্ষাগত উদ্দেশ্য সাধন করে না। SRO-দের তাই অভিবাসন অবস্থা সম্পর্কিত তথ্যের জন্য কোনো শিক্ষার্থীর স্কুল রেকর্ড পরীক্ষা করা উচিত নয়।[22] তাছাড়া, SRO-দের এই ধরনের তথ্য প্রকাশ FERPA-এর শিক্ষা রেকর্ড থেকে PII প্রকাশ এবং পুনঃপ্রকাশের সীমাবদ্ধতাও লঙ্ঘন করতে পারে।[23]

যদি কোনো ফেডারেল বা স্থানীয় আইন বলবৎকরণ কর্মকর্তা শিক্ষার্থীদের তথ্য জানাবার জন্য অনুরোধ করেন তাহলে স্কুলের তথ্য প্রকাশ করা উচিত নয় এবং তার পরিবর্তে সমন বা অন্যান্য নথিপত্রের জন্য অনুরোধ করা উচিত যার ভিত্তিতে অনুরোধটি করা হয়েছে। সেটা পাওয়া গেলে, স্কুলের কোনো শিক্ষার্থীর তথ্য প্রকাশ করার আগে তাদের আইনজীবীর সাথে যোগাযোগ করা উচিত।[24] স্কুলগুলির উচিত এই ধরনের যেকোনো অনুরোধের বিষয়ে SED-এর গোপনীয়তা বিষয়ক অফিসকে অবহিত করা।[25]

এছাড়াও, আমরা সুপারিশ করছি যে স্কুল ডিস্ট্রিক্টগুলি যেন নিম্নলিখিত কাজগুলি করে:

» তাদের ডিরেক্টরি তথ্যের নীতিগুলি পর্যালোচনা করে নিশ্চিত করা যে তারা যেন এমন তথ্য অন্তর্ভুক্ত না করে যা অসাবধানতাবশত একজন শিক্ষার্থীর অভিবাসন অবস্থা প্রকাশ করতে পারে৷ এর মধ্যে জন্মস্থান, জাতীয়তা বা পাসপোর্ট এর তথ্য অন্তর্ভুক্ত থাকতে পারে৷[26] তাছাড়া, ডিরেক্টরি তথ্যের ব্যতিক্রম ঘটানো অনুমোদিত আছে এবং কেবল এমন তথ্য অন্তর্ভুক্ত করা যেতে পারে যা "প্রকাশ করা হলে তা সাধারণত ক্ষতিকারক বা গোপনীয়তার লঙ্ঘন বলে বিবেচিত হবে না৷"[27] স্কুল ডিস্ট্রিক্টগুলি একটি সীমিত ডিরেক্টরি তথ্য নীতি বাস্তবায়ন করতেও চাইতে পারে যা একটি শিক্ষাগত এজেন্সিকে "নির্দিষ্ট কিছু পক্ষগুলির জন্য, নির্দিষ্ট উদ্দেশ্যে অথবা উভয় কারণের জন্য তার ডিরেক্টরির মর্যাদা সীমাবদ্ধ রাখতে" অনুমতি দেয়৷[28] তাছাড়া, পিতামাতা এবং শিক্ষার্থীদের তাদের স্কুল থেকে ডিরেক্টরি তথ্য অপ্ট-আউট ফর্মের অনুরোধ করে ডিরেক্টরি তথ্য প্রকাশ থেকে বিরত থাকার বিকল্প চয়নের অধিকার রয়েছে;[29]

» ডিস্ট্রিক্টের বার্ষিক FERPA নোটিশ পুনরায় প্রকাশ করা যাতে পিতামাতা এবং অভিভাবকদের (যদি থাকে) ডিস্ট্রিক্টের ডিরেক্টরি তথ্য নীতি থেকে বেরিয়ে আসার অধিকার সম্পর্কে অবহিত করা হয়, যা সম্ভব হলে, ডিস্ট্রিক্টের মধ্যে শিক্ষার্থীদের প্রধান মাতৃভাষায় অনুবাদ করা হবে;[30]

» ফেডারেল বা স্থানীয় আইন বলবৎকারী কর্মকর্তারা তাদের সন্তানের তথ্যের জন্য অনুরোধ করলে অবিলম্বে পিতামাতা বা অভিভাবকদের (যদি থাকে) অবহিত করা;[31] এবং

» এই ধরনের তথ্য অপ্রয়োজনীয়ভাবে কোনো শিক্ষার্থী বা পিতামাতার অভিবাসন অবস্থা প্রকাশ করতে পারে কিনা এবং তথ্য সংগ্রহ করা প্রয়োজন কিনা তা নির্ধারণ করতে সংগৃহীত বর্তমান তথ্য পর্যালোচনা করা৷

স্টেট আইনের অধীনে, শিক্ষার্থীরা এবং পরিবারগুলি SED-এর প্রাইভেসি অফিসে PII-এর অননুমোদিত প্রকাশের বিষয়ে অভিযোগ দায়ের করতে পারে৷[32]

## III. আইন বলবৎকারী সংস্থার দ্বারা শিক্ষার্থীদের আটক, জিজ্ঞাসাবাদ বা স্কুলের সম্পত্তি থেকে অপসারণ করা

নিউ ইয়র্ক শিক্ষা আইন, নিউ ইয়র্ক পারিবারিক আদালত আইন এবং *প্লায়ার বনাম ডো* মামলায় মার্কিন সুপ্রিম কোর্টের সিদ্ধান্ত সহ বিভিন্ন ফেডারেল এবং স্টেট আইনগুলি স্কুল সম্পত্তি থেকে শিক্ষার্থীদের আটক, জিজ্ঞাসাবাদ এবং অপসারণের ক্ষেত্রে স্কুল ডিস্ট্রিক্টগুলির উপর দায়িত্ব আরোপ করে৷ এই ধরনের কর্তব্য লঙ্ঘনের ক্ষেত্রে স্কুল ডিস্ট্রিক্টগুলিকে দায়ী করা হতে পারে৷ অতএব, আমাদের এজেন্সিগুলি আইন বলবৎকারী কর্মকর্তারা কোনো শিক্ষার্থীর সাথে যোগাযোগের সুযোগ চাইলে তারা আইনি বাধ্যবাধকতা এবং পদ্ধতি অনুসরণ করা সম্পর্কে স্কুল ডিস্ট্রিক্টগুলিকে আমাদের 2017 এবং 2019 সালের জয়েন্ট ইমিগ্রেশন এডুকেশন গাইডেন্স বা যৌথ অভিবাসন শিক্ষা নির্দেশিকা পুনর্ব্যক্ত ও ব্যাখ্যা করে৷[33]

প্রাথমিক বিষয় হিসেবে, আমরা SED-এর দীর্ঘদিনের অবস্থান পুনর্ব্যক্ত করছি যে আইন প্রয়োগকারী কর্মকর্তারা শিক্ষার্থীর পিতামাতা বা পিতামাতার মতো সম্পর্ক রক্ষাকারী ব্যক্তির সম্মতি ছাড়া কোনো শিক্ষার্থীকে স্কুলের সম্পত্তি থেকে সরিয়ে নিতে বা জিজ্ঞাসাবাদ করতে পারবেন না, নীচে ব্যাখ্যা করা সীমিত পরিস্থিতি ব্যতিরেকে৷[34] এছাড়াও, নিউ ইয়র্ক স্টেট এক্সিকিউটিভ অর্ডার 170.1 অনুসারে, ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষগুলি কেবলমাত্র স্টেটের ফেসিলিটিগুলির মধ্যে দেওয়ানি মামলায় গ্রেপ্তার করতে পারে, যেমন স্কুলের মধ্যে, যখন তাদের সাথে একটি বিচারিক পরোয়ানা বা হেফাজতে নেওয়া অনুমোদনকারী আদেশ থাকে, যদি না দেওয়ানি মামলায় গ্রেপ্তার করা সেই ফেসিলিটির মধ্যে হওয়া কোনো মামলার সাথে সম্পর্কিত হয়৷[35] যখন কোনো ফেডারেল বা স্থানীয় আইন বলবৎকারী কর্মকর্তার (SRO সহ) কাছ থেকে কোনো শিক্ষার্থীকে আটক বা জিজ্ঞাসাবাদ করার জন্য অনুরোধ উপস্থাপন করা হয়, তখন স্কুল কর্মীদের - সবার শিক্ষক/শিক্ষিকা হিসাবে তাদের ভূমিকা পালনকারী হিসাবে - নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা উচিত:

(1) একটি আসন্ন নিরাপত্তা পরিস্থিতি মোকাবেলা করার জন্য বা বিচারিক পরোয়ানা বা আদেশের কারণে আইন দ্বারা প্রয়োজনীয় ক্ষেত্র ব্যতিরেকে, স্কুল পরিসরের ভিতরে থাকা কর্মকর্তাদের কোনো শিক্ষার্থীর কাছে প্রবেশাধিকারের অনুমতি দেবেন না;

(2) মনে রাখবেন যে এমন বিভিন্ন ধরনের নথিপত্র রয়েছে যা একজন কর্মকর্তা উপস্থাপন করতে পারেন, যার সবগুলিই আইনত রেকর্ড হস্তান্তর করা বা কোনো শিক্ষার্থীকে অ্যাক্সেস করতে দেওয়ার জন্য যথেষ্ট নয়। আপনার কর্মকর্তাটির কাছ থেকে নথিপত্র দেবার জন্য অনুরোধ করা উচিত। এই ধরনের নথিপত্র বিভিন্ন ধরনের হতে পারে, যার মধ্যে রয়েছে:

a. বিচারিক পরোয়ানা বা আদেশ: একটি বিচারিক পরোয়ানা বা আদেশ যা একজন মার্কিন যুক্তরাষ্ট্রের ডিস্ট্রিক্ট জজ বা ফেডারেল ম্যাজিস্ট্রেট জজ দ্বারা স্বাক্ষরিত হয় এবং যা একজন ব্যক্তি অপরাধ বা আইন লঙ্ঘন করেছেন বলে বিশ্বাস করার মতো সম্ভাব্য কারণ প্রদর্শন করে।

b. প্রশাসনিক পরোয়ানা: একটি প্রশাসনিক পরোয়ানা ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষ দ্বারা প্রস্তুত এবং জারি করা হয় এবং ফেডারেল কর্মকর্তাদেরকে অপসারণ বা অপসারণের আইনি প্রক্রিয়ার জন্য একজন অনাগরিককে গ্রেপ্তার করার নির্দেশ দেয়।[36] এটি কোনো বিচারিক পরোয়ানা নয় এবং এটি বিশ্বাস করার সম্ভাব্য কারণ প্রদান করে না যে কোনো ব্যক্তি অপরাধ বা আইন লঙ্ঘন করেছেন যেহেতু, একটি সাধারণ নিয়ম হিসাবে, একজন অ-নথিভুক্ত ব্যক্তির জন্য মার্কিন যুক্তরাষ্ট্রে উপস্থিত থাকা কোনো অপরাধ নয়।[37]

c. ইমিগ্রেশন "ডিটেইনার": একজন ইমিগ্রেশন ডিটেইনার হল একটি অনুরোধ, যা সাধারণত ফেডারেল অভিবাসন কর্তৃপক্ষ স্থানীয় আইন বলবৎকারী এজেন্সিগুলিকে জারি করে, যাতে কোনো ব্যক্তিকে মুক্তির জন্য নির্ধারিত সময়ের পরে 48 ঘন্টা পর্যন্ত হেফাজতে রাখা হয়। এটি ফেডারেল কর্তৃপক্ষগুলিকে নাগরিক অভিবাসন বলবৎকরণ প্রক্রিয়া অনুসরণ করার জন্য ব্যক্তির হেফাজত নেওয়া হবে কিনা তা নিরূপণ করার জন্য অতিরিক্ত সময় প্রদান করে।[38]

(3) অন্য কোনো পদক্ষেপ নেওয়ার আগে, সুপারিনটেনডেন্ট এবং স্কুল ডিস্ট্রিক্ট অ্যাটর্নিকে নথিপত্র সরবরাহ করুন, যা তারা আইন বলবৎকারী সংস্থার অনুরোধের প্রেক্ষাপটে মূল্যায়ন করবেন এবং অগ্রসর হওয়ার আগে নির্দেশনা পাওয়ার জন্য অপেক্ষা করুন; এবং

(4) বিশেষভাবে (উদাহরণস্বরূপ, কোনো বিচারিক আদেশ দ্বারা) নিষিদ্ধ না হলে শিক্ষার্থীর পিতামাতা বা অভিভাবককে (যদি কেউ থাকে) অবিলম্বে অবহিত করুন।

আমাদের 2019 সালের যৌথ ইমিগ্রেশন শিক্ষা নির্দেশিকা স্কুল ডিস্ট্রিক্টগুলির কর্তব্য স্পষ্ট করে জানিয়েছে যে SRO-রা প্রতিকূল অভিবাসন পরিণতির ভয় ছাড়াই নথিপত্র না-থাকা শিক্ষার্থীদের স্কুলে যাওয়ার অধিকার বজায় রাখে।[39] আমরা স্কুল ডিস্ট্রিক্টগুলিকে মনে করিয়ে দিচ্ছি যে SRO-রা শিক্ষার্থীদের তাদের অভিবাসন অবস্থা নির্ধারণের জন্য আটক বা জিজ্ঞাসাবাদ করবে না। চতুর্থ সংশোধনী SRO-দেরকে একজন শিক্ষার্থীকে আটক বা জিজ্ঞাসাবাদ করতে নিষেধ করে যদি না SRO-এর যুক্তিসঙ্গত সন্দেহ থাকে যে শিক্ষার্থী স্কুল নীতি লঙ্ঘন করেছে বা "স্কুল সুরক্ষার বিশেষ চাহিদা" কে হুমকির মুখে ফেলেছে।[40] এই ধরনের পদক্ষেপগুলি কেবলমাত্র একজন স্কুল কর্মকর্তার নির্দেশে নেওয়া উচিত এবং শুধুমাত্র সন্দেহভাজন নীতি লঙ্ঘন বা অবৈধ কাজ বিষয়ে তদন্ত করার জন্য।[41] একজন শিক্ষার্থীর অভিবাসন অবস্থা স্কুল সুরক্ষা বা স্কুল নীতিকে জড়িত করে না এবং স্কুলের পরিসরে আটক করা বা জিজ্ঞাসাবাদকে কখনই ন্যায্যতা দেবে না।[42]

প্রকৃতপক্ষে, এই ধরনের বেআইনি রীতি, যখন একজন শিক্ষার্থীর অনুভূত বর্ণ, জাতিসত্তা, জাতীয় উৎপত্তি, নাগরিকত্ব বা অভিবাসন অবস্থার ভিত্তিতে অনুমিত হয়, তখন তা স্টেটের সংবিধান এবং বিভিন্ন স্টেট ও ফেডারেল নাগরিক অধিকার আইন লঙ্ঘন করতে পারে।[43] যেসব স্কুল ডিস্ট্রিক্ট SRO-দেরকে এই আইনি সুরক্ষা লঙ্ঘন করার অনুমতি দেয়, তারা তাদের স্কুলে SRO-দেরকে পর্যাপ্ত প্রশিক্ষণ এবং তত্ত্বাবধান করার দায়িত্ব পালনে ব্যর্থ হওয়ার ঝুঁকিতে থাকে।[44]

নিউ ইয়র্ক শিক্ষা আইনের অধীনে, যেসব স্কুল ডিস্ট্রিক্ট SRO-দেরকে নিয়োগ করে, তাদের অবশ্যই দায়বহনকারীদের মতামতের ভিত্তিতে তৈরি একটি লিখিত চুক্তি বা সমঝোতা স্মারক (MOU) এর মাধ্যমে তাদের ভূমিকা এবং দায়িত্বের ক্ষেত্রগুলিকে আনুষ্ঠানিকভাবে সংজ্ঞায়িত করতে হবে।[45] আমাদের অফিসগুলি স্কুল ডিস্ট্রিক্টগুলিকে SRO-দের সাথে তাদের চুক্তি বা সমঝোতা স্মারকে নথিপত্র না-থাকা শিক্ষার্থীদের অধিকার রক্ষার জন্য নীতি এবং পদ্ধতি অন্তর্ভুক্ত করার পরামর্শ দেয়,[46] যার মধ্যে রয়েছে:

(1) একজন শিক্ষার্থীর অভিবাসন অবস্থা প্রকাশ করতে পারে এমন তথ্য ধারণকারী শিক্ষার্থীর রেকর্ড অ্যাক্সেস এবং পুনঃপ্রকাশ করার SRO-দের সক্ষমতার উপর স্পষ্টভাবে সংজ্ঞায়িত বিধিনিষেধ। এর মধ্যে রয়েছে SRO-রা "স্কুল কর্মকর্তা" কিনা যারা শিক্ষার্থীদের রেকর্ড অ্যাক্সেস করার অধিকারী;

(2) SRO-দের শিক্ষার্থী এবং শিক্ষার্থীদের পরিবারের সদস্যদের তাদের অভিবাসন অবস্থা সম্পর্কে জিজ্ঞাসাবাদ করা নিষেধ করার নীতি;

(3) ASRO-দের এবং স্কুল কর্মীদের পক্ষ থেকে প্রতিশ্রুতি দেওয়া যে তারা শিক্ষার্থী বা তাদের পরিবারের সদস্যদের প্রকৃত বা অনুভূত অভিবাসন অবস্থা সম্পর্কে তথ্য অভিবাসন কর্তৃপক্ষের সাথে শেয়ার করবে না, যদি না আইন অনুসারে তা করার প্রয়োজন হয়;[47]

(4) SRO-দের অভিবাসন কর্তৃপক্ষের অনুরোধে শিক্ষার্থীদের আটক করা, নাগরিক অভিবাসন পরোয়ানার ভিত্তিতে গ্রেপ্তার করা, অভিবাসন কর্তৃপক্ষের বিজ্ঞপ্তি বা স্থানান্তরের অনুরোধে সাড়া দেওয়া অথবা অন্য কোনো অভিবাসন বলবৎকরণের উদ্দেশ্যে ক্যাম্পাস ফেসিলিটিগুলি ব্যবহার করা থেকে বিরত রাখার নীতিমালা, যদি না আইন অনুসারে তা করার প্রয়োজন হয়; এবং

(5) পূর্ববর্তী সুরক্ষা ব্যবস্থা থেকে বিচ্যুত হওয়ার আগে সমস্ত SRO-দের সুপারিনটেনডেন্ট বা অন্য মনোনীত স্কুল কর্মকর্তার সাথে পরামর্শ করার প্রয়োজনীয়তা।

## IV. উৎপীড়ন ও হয়রানি

নিউ ইয়র্ক এবং ফেডারেল আইন অন্যান্য কারণের মধ্যে প্রকৃত বা অনুভূত বর্ণ, গায়ের রং, জাতীয় উৎপত্তি, জাতিগত গোষ্ঠী এবং নাগরিকত্ব বা অভিবাসন স্থিতির ভিত্তিতে শিক্ষার্থী বা কর্মচারীদের দ্বারা হয়রানি এবং উৎপীড়ন নিষিদ্ধ করে।[48] স্কুল ডিস্ট্রিক্টগুলিকে আমাদের এজেন্সিগুলির পূর্ব নির্দেশিকা এবং সকল শিক্ষার্থীদের জন্য মর্যাদা আইনের উপর সংস্থানগুলি পরীক্ষা করার জন্য উৎসাহিত করা হয় যাতে তারা হয়রানি এবং বুলিং থেকে মুক্ত একটি স্কুল পরিবেশ তৈরি করার জন্য তাদের আইনি কর্তব্য বুঝতে পারে।[49] এই বাধ্যবাধকতাগুলির মধ্যে নিম্নলিখিতগুলি রয়েছে: এই ধরনের আচরণের ক্ষেত্রে প্রতিক্রিয়া জানাতে নীতিমালা তৈরি করা; ডিস্ট্রিক্টের নীতি সম্পর্কে কর্মীদের প্রশিক্ষণ দেওয়া এবং সেগুলিকে ডিস্ট্রিক্টের আচরণবিধিতে অন্তর্ভুক্ত করা; শিক্ষার্থীদের এমন নির্দেশনা প্রদান করা যা উৎপীড়ন, হয়রানি এবং বৈষম্যকে নিরুৎসাহিত করে; এবং SED-এর কাছে ঘটনাগুলি রিপোর্ট করা।[50]

এছাড়াও, নিউ ইয়র্কের আইনে বর্ণ, গায়ের রং,জাতীয় উৎপত্তি, বংশ, লিঙ্গ, ধর্ম, বয়স, প্রতিবন্ধিতা বা যৌন অভিমুখিতার কারণে সহিংসতা, হুমকি বা হয়রানির জন্য কোনো ব্যক্তি বা তার সম্পত্তিকে লক্ষ্যবস্তু করা নিষিদ্ধ।[51] OAG ঘৃণাজনিত অপরাধ এবং পক্ষপাত প্রতিরোধ ইউনিট সেই আইন লঙ্ঘনের ক্ষেত্রে অ-অপরাধমূলক তদন্ত শুরু করতে পারে এবং স্কুল ডিস্ট্রিক্টগুলিকে সংশ্লিষ্ট সংস্থান সরবরাহ করতে পারে।[52]

## V. শিক্ষার্থীর পরিবারের সদস্যদের আটক করা বা নির্বাসন দেওয়া

অভিবাসন অবস্থা নির্বিশেষে শিক্ষার্থীদের বাবা-মা, অভিভাবক বা পরিবারের অন্যান্য সদস্য থাকতে পারে যাদের আটক করা বা নির্বাসন দেওয়া হয়েছে। স্কুল ডিস্ট্রিক্টগুলিকে এটী নিশ্চিত করতে উৎসাহিত করা হয় যেন সমস্ত শিক্ষার্থী এবং তাদের পরিবার হালনাগাদ করা জরুরি যোগাযোগের তথ্য প্রদান করে, যার মধ্যে সেকেন্ডারি জরুরি যোগাযোগের তথ্যও রয়েছে। অভিবাসন বলবৎকরণ সংস্থান পিতামাতা বা অভিভাবকের দেখভাল করার ক্ষমতাকে প্রভাবিত করে এমন ক্ষেত্রে এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ হতে পারে। স্কুল ডিস্ট্রিক্টগুলি প্রাসঙ্গিক আইনি এবং কমিউনিটি রিসোর্সেস সম্পর্কে তথ্য শিক্ষার্থী এবং তাদের পরিবারের সাথে শেয়ার করে নিতে পারে, যার মধ্যে পরিশিষ্টে প্রদত্ত তথ্যও অন্তর্ভুক্ত রয়েছে।

# VI. পরিশিষ্ট: সংস্থান

## শিক্ষার্থী এবং পরিবারগুলির জন্য গভর্নরের অফিসের সংস্থান:

- » নিউ ইয়র্ক অফিস অফ নিউ আমেরিকানস অভিবাসীদের তাদের স্টেটব্যাপী কমিউনিটি-ভিত্তিক পরিষেবা প্রদানকারীদের নেটওয়ার্কের মাধ্যমে বিনামূল্যে পরিষেবা ও সহায়তা অ্যাক্সেস এবং নেভিগেট করতে সহায়তা করে। আরো তথ্যের জন্য, https://dos.ny.gov/office-new-americans দেখুন।
- » গৃহহীনতার সম্মুখীন শিক্ষার্থীদের জন্য সংস্থানের জন্য, নিউ ইয়র্ক স্টেট অফিস অফ চিলড্রেন এন্ড ফ্যামিলি সার্ভিসেস, রানএওয়ে এন্ড হোমলেস ইয়ুথ, https://ocfs.ny.gov/programs/youth/rhy দেখুন।
- » বর্ণ, গায়ের রং, জাতীয় উৎপত্তি, লিঙ্গ, ধর্ম, বয়স, প্রতিবন্ধিতা, যৌন অভিমুখিতা বা অন্যান্য সুরক্ষিত শ্রেণীবিভাগের উপর ভিত্তি করে বৈষম্যের সম্মুখীন শিক্ষার্থী এবং প্রাপ্তবয়স্কদের জন্য সংস্থানের জন্য, https://dhr.ny.gov/complaint এ নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউম্যান রাইটস দেখুন।

## নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট-এর সংস্থান:

- » স্টেট এডুকেশন ডিপার্টমেন্টের প্রাইভেসি অফিসের সাথে যোগাযোগ করুন:
  - » **ঠিকানা**: 89 Washington Avenue, EB 152, Albany, NY, 12234
  - » **ফোন**: 518-474-0937
  - » **ইমেইল**: Privacy@nysed.gov
- » শিক্ষার্থীদের ব্যক্তিগতভাবে সনাক্তকরণযোগ্য তথ্য অননুমোদিত ব্যক্তির কাছে প্রকাশ করা হয়েছে বা অ্যাক্সেস করা হয়েছে বলে অভিযোগ করে একটি গোপনীয়তা অভিযোগ দায়ের করতে, নিউ ইয়র্ক স্টেট এডুকেশন ডিপার্টমেন্ট, প্যারেন্টস এন্ড স্টুডেন্টস ফাইল এ প্রাইভেসি কমপ্লেইন্ট (পিতামাতা ও শিক্ষার্থী একটি গোপনীয়তা অভিযোগ দায়ের করুন) প্রবন্ধটি দেখুন, https://www.nysed.gov/data-privacy-security/parents-and-students-file-privacy-complaint
- » এই নির্দেশিকা সম্পর্কিত কোনো প্রশ্নের জন্য, NYSED কাউন্সেল অফিসের সাথে যোগাযোগ করুন:
  - » **ফোন**: 518-474-6400
  - » **ইমেইল**: legal@nysed.gov

## অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল-এর সংস্থান:

- » অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল এর কাছে নাগরিক অধিকার বিষয়ক অভিযোগ দায়ের করতে, দেখুন: https://ag.ny.gov/file-complaint/civil-rights
- » অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল এর কাছে ঘৃণাজনিত অপরাধ বিষয়ক অভিযোগ্য দায়ের করতে, দেখুন: https://ag.ny.gov/publications/hate-crimes
- » অভিবাসন সম্পর্কিত আইনি মামলা এবং অভিবাসন পরিষেবা জালিয়াতি এড়ানোর সংস্থানগুলির জন্য আইনজীবী বা স্বীকৃত প্রতিনিধিদের তথ্যের জন্য, অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল, নো ইওর রাইটস (আপনার অধিকার জানুন) দেখুন: ইমিগ্রেশন সার্ভিসেস ফ্রড, https://ag.ny.gov/publications/immigration-services-fraud
- » এই নির্দেশিকা সম্পর্কিত কোনো প্রশ্নের জন্য,অফিস অফ দ্য নিউ ইয়র্ক স্টেট অ্যাটর্নি জেনারেল এর সাথে যোগাযোগ করুন:
  - » **ইমেইল**: civil.rights@ag.ny.gov

1. Relevant immigration education guidance issued by OAG and SED includes: OAG and SED, *"Dear Colleague" Letter* (Feb. 27, 2017), *available at* https://www.nysed.gov/sites/default/files/oag-sed-letter-ice-2-27-17.pdf ("2017 Joint Immigration Education Guidance"); \OAG and SED, *"Dear Colleague" Letter* (Aug. 29, 2019), *available at* https://ag.ny.gov/sites/default/files/joint_oag-sed_-_ice_sros_in_schools_w_ag_signature.pdf ("2019 Joint Immigration Education Guidance"); OAG and SED, *"Dear Colleague" Letter* (Feb. 16, 2021), *available at* https://www.nysed.gov/sites/default/files/programs/coronavirus/mckinney-vento-guidance.pdf ("2021 Joint McKinney-Vento Guidance"); OAG and SED, Know Your Rights and *"Dear Colleague" Letter* (Aug. 28, 2023), *available at* https://ag.ny.gov/sites/default/files/letters/kyr-ed.pdf ("2023 Joint Enrollment Guidance"); Memorandum, Jhone M. Ebert to District Superintendents et al. re: Available Guidance and Resources to Combat Harassment, Bullying and Discrimination in Schools in Light of Recent Immigration-Related Actions, SED, Feb. 27, 2017, *available at* https://www.p12.nysed.gov/dignityact/documents/dasa-guidance ("2017 DASA Memo"). *See also* SED Office of Counsel, Statement on Rights of Newly Arrived Immigrants (Aug. 15, 2023), available at https://www.nysed.gov/sites/default/files/programs/bilingual-ed/8-14-23-oc-ltr-re-new-arrivals-a.pdf. Executive Order No. 6, Oct. 8, 2021, continuing Executive Order 170 (E.O. 170), originally issued Sept. 15, 2017, *available at* https://www.governor.ny.gov/executive-order/no-6-continuation-and-expiration-prior-executive-orders and N.Y. Comp. Codes R. & Regs. (N.Y.C.R.R.), tit. 9, § 8.170, respectively. E.O. 170 prohibits State officers and employees, including law enforcement officers, from inquiring about an individual's immigration status unless necessary to determine eligibility for public benefits or required by law. E.O. 170 also prohibits State officers and employees, including law enforcement officers, from disclosing information to federal immigration authorities unless required by law.

2. *See* Appendix for OAG and SED contact information.

3. N.Y. Educ. Law §§ 3201-02, 3209; N.Y. Exec. Law § 296(4).

4. N.Y. Exec. Law § 296(4); 2023 Joint Enrollment Guidance, *supra* note 1; *see also* 8 N.Y.C.R.R. 154-2.1(a) ("Each school district shall provide English language learners equal access to all school programs and services offered by the school district[.]").

5. *Plyler v. Doe*, 457 U.S. 202 (1982); *see also Hisp. Int. Coal. v. Governor of Ala.*, 691 F.3d 1236, 1247 (11th Cir. 2012) (holding unconstitutional a facially neutral policy that "significantly deters undocumented children from enrolling in and attending school") (citing *Plyler*, 462 U.S.).

6. 2023 Joint Enrollment Guidance, *supra* note 1.

7. *Id.*; 8 N.Y.C.R.R. § 100.2(y).

8. 8 N.Y.C.R.R. § 100.2(y)(3)(i)(a). To the extent school districts must collect information relevant to immigration status pursuant to state or federal requirements, they should do so after the student is enrolled so as to avoid the suggestion that such information will be used in enrollment determinations. 2023 Joint Enrollment Guidance, *supra* note 1, at 1-2.

9. 2023 Joint Enrollment Guidance, *supra* note 1; 42 U.S.C. § 11432(g)(3)(C)(i); N.Y. Educ. Law § 3209(2)(f)(2). To remain enrolled, all students must receive at least the first dose of all required vaccines within 14 days of registration. New York State Department of Health, *School Vaccination Requirements* (revised Aug. 2023), https://www.health.ny.gov/prevention/immunization/schools/school_vaccines. If a child experiencing homelessness or housing instability "needs to obtain immunizations . . . the enrolling school shall immediately refer the parent or guardian of the child or youth, or (in the case of an unaccompanied youth) the youth, to the local educational agency liaison . . . who shall assist in obtaining necessary immunizations or screenings . . .[.]" 42 U.S.C. § 11432(g)(3)(C)(iii).

10. 2023 Joint Enrollment Guidance, *supra* note 1.

11. 42 U.S.C. § 11431 *et seq*.; N.Y. Educ. Law § 3209 *et seq*.

12. 2021 Joint McKinney-Vento Guidance, *supra* note 1.

13. *Id*.

14. 42 U.S.C. § 11432(e)(3)(E)(i)(III), (g)(6)(A)(i); N.Y. Educ. Law § 3209(4)(c); 8 N.Y.C.R.R. § 100.2(x)(7)(iii)(a)(2).

15. New York State Technical and Educational Assistance Center for Homeless Students (NYS-TEACHS), www.nysteachs.org; NYS-TEACHS helpline: 1-800-388-2014.

16. 20 U.S.C. § 1232g; 34 C.F.R. § 99; N.Y. Educ. Law § 2-d; 8 N.Y.C.R.R. Part 121, § 200.5(e)(2); N.Y. Gen. Mun. Law § 805-a (prohibiting municipal officers and employees from "disclos[ing] confidential information acquired . . . in the course of [their] official duties[.]"). Revealing confidential information could also be grounds for removal, *see, e.g., Appeal of Nelson*, 49 Ed. Dept. Rep., Decision No. 15,964 (Aug. 14, 2009), https://www.counsel.nysed.gov/Decisions/volume49/d15964; *Appeals of Ziegelbauer*, 62 Ed. Dept. Rep., Decision No. 18,143 (Jul. 7, 2022), https://www.counsel.nysed.gov/Decisions/volume62/d18143. Cf. 8 U.S.C. § 1373 (officials may not prohibit or restrict government entities sharing, maintaining, or exchanging information on citizenship or immigration status, but does not create obligation to affirmatively collect or disclose such information).

17. *See generally* 34 C.F.R. § 99.31.

18. Memorandum, Louise DeCandia to School District Superintendents et al. re: Directory Information, SED, Jun. 7, 2023, *available at* https://www.nysed.gov/sites/default/files/programs/data-privacy-security/directory-guidance-final-june-2023.pdf ("DeCandia Memorandum").

19. As explained in the 2017 Joint Immigration Education Guidance, *supra* note 1, limited exceptions to the FERPA nondisclosure rule exist as set forth in the law's implementing regulations. These exceptions include requests made by specifically enumerated individuals of the federal government, but only "in connection with an audit or evaluation of Federal or State supported education programs, or for the enforcement of or compliance with Federal legal requirements that relate to those programs," and all PII must be protected "from further disclosures or other uses," 34 C.F.R. § 99.35(a). Further, a request from ICE or other federal immigration officials to access student PII from education records would not appear to satisfy any of the FERPA exceptions to the general rule that a parent or eligible student must consent to disclosures to third parties.

20. As explained in Section III, school officials should not allow federal and local law enforcement officials to remove students from the school environment for questioning. Additionally, SROs should not assist federal law enforcement officials in immigration enforcement except in the narrow and rare circumstance where there is a formal agreement between the county employing the SRO and ICE lawfully providing the authority to do so.

21. 2019 Joint Immigration Education Guidance, *supra* note 1; 20 U.S.C. §§ 1232g(b)(2)(A), 1232g(d); 34 C.F.R. §§ 99.30, 99.31(a)(1)(i); U.S. Dep't of Educ., Privacy Technical Assistance Center, *School Resources Officers, School Law Enforcement Units, and the Family Education Rights and Privacy Act (FERPA)*, Question 15 at 11-12, *available at* https://studentprivacy.ed.gov/sites/default/files/resource_document/file/SRO_FAQs.pdf ("SROs and FERPA").

22. *Id*.

23. 34 C.F.R. §§ 99.31(a)(1)(i); 99.33; 2019 Joint Immigration Education Guidance, *supra* note 1; SROs and FERPA, *supra* note 21.

24. *See* 2017 and 2019 Joint Immigration Education Guidance, *supra* note 1.

25. *See* Appendix for SED Privacy Office contact information.

26. *See* 34 C.F.R. § 99.3 "Directory information."

27. *See id*.

28. DeCandia Memorandum, *supra* note 18; 34 C.F.R. § 99.37(d).

29. DeCandia Memorandum, *supra* note 18.

30. Districts must provide annual notification of FERPA rights to parents. This notice, which should be conspicuously posted on school districts' websites, must identify the district's directory information policy and inform parents of their right to opt-out of providing such information. 2019 Joint Immigration Education Guidance, *supra* note 1; DeCandia Memorandum, supra note 18; 34 C.F.R. §§ 99.37(a), 99.7(a)(3)(iii). It must also disclose which categories of individuals operating on school campuses are generally considered school officials with legitimate educational interests in education records. *See* 34 C.F.R. § 99.7(a)(3)(iii).

31. *E.g.* Office of the Massachusetts Attorney General, "Information for schools on ICE requests for access or information," *available at* https://www.mass.gov/info-details/information-for-schools-on-ice-requests-for-access-or-information (last accessed Dec. 22, 2024).

32. *See* Appendix for information on filing a privacy complaint with SED.

33. 2017 and 2019 Joint Immigration Education Guidance, *supra* note 1.

34. *See id*.; SED Counsel's Opinion 67 (Mar. 7, 1952) ("[P]olice authorities have no power to interview children in the school building or to use the school facilities in connection with police department work, and the board [of education] has no right to make children available for such purpose. The police authorities must take the matter up directly with the parents."); SED Counsel's Opinion 91 (Jun. 17, 1959) ("[L]aw enforcement officers of any kind may not remove a child from a school building while a child is properly in attendance without permission of the child's parents for questioning" and "law enforcement officers do not have the legal right to interrogate a pupil in the school without permission of the parents."); *see also* SED Counsel's Opinion 148 (Feb. 23, 1965) ("The school particularly does not have custody of pupils for the purpose of authorizing law enforcement officers or other third parties to interrogate pupils or to remove them from the premises for any purpose whatever.") This position is based on various laws including, *inter alia*, the New York Family Court Act (NYFCA), which requires that a police officer must make every reasonable effort to immediately contact a child's parent or anyone responsible for the child's care when a child is taken into the custody of law enforcement, and further holds that such a child cannot be interrogated, unless and until his or her parent or guardian, if present, is advised of the child's rights and afforded an opportunity to attend the interrogation. N.Y. Fam. Ct. Act § 305.2; *see* Matter of Jimmy D., 15 N.Y.3d 417 (2010).

35. Executive Order 170.1, Amendment to E.O. 170, *supra* note 1, originally issued Apr. 25, 2018, at 9 N.Y.C.R.R. § 8.170.1.

36. *See* U.S. Dep't of Homeland Sec. (DHS), Sample Form I-200, Warrant for Arrest of Alien, *available at* https://www.ice.gov/sites/default/files/documents/Document/2017/I-200_SAMPLE.PDF, or DHS, Sample ICE Form I-205, Warrant of Removal/Deportation, *available at* https://www.ice.gov/sites/default/files/documents/Document/2017/I-205_SAMPLE.PDF.

37. *See Arizona v. United States*, 567 U.S. 387, 407 (2012) (citation omitted); *see also People ex rel. Wells v. DeMarco*, 88 N.Y.3d 518, 530-31 (2d Dep't 2018).

38. *See, e.g.,* DHS, Form I-247D, Immigration Detainer—Request for Voluntary Action, *available at* https://www.ice.gov/sites/default/files/documents/Document/2016/I-247D.PDF. Despite including a check-box for ICE to designate that "Probable Cause Exists that The Subject is a Removable Alien," this does not constitute probable cause to believe that an individual has committed a crime.

39. 2019 Joint Immigration Education Guidance, *supra* note 1.

40. *See id.;* U.S. Const. amend. IV; *In re Gregory M.,* 82 N.Y.2d 588, 594 (1993) (holding that the lower "reasonable suspicion" standard for searching and questioning students only applies where the search is "conducted by school officials for the special needs of school security and not for a criminal investigative purpose"); *see also* SED Counsel's Opinion 148 (Feb. 23, 1965) ("The school particularly does not have custody of pupils for the purpose of authorizing law enforcement officers or other third parties to interrogate pupils or to remove them from the premises for any purposes whatever."); *see also G.M. ex rel. B.M. v. Casalduc*, 982 F. Supp. 2d 1235, 1249-50 (D.N.M. 2013) (collecting 10th Circuit cases holding that SROs act as school officials when acting to protect school security or enforce school property under the direction of a school official).

41. *See* 2019 Joint Immigration Education Guidance.

42. *See id*.

43. *See, e.g.,* N.Y. Const. Art. 1, § 11; N.Y. Exec. Law § 296(4); N.Y. Civ. Rights Law § 40-c; Title VI, Civil Rights Act of 1964, Pub. L. No. 88-3520, 78 Stat. 252 (1964) (codified as amended at 42 U.S.C. § 2000d) ("Civil Rights Act").

44. *See, e.g., Gonzalez ex rel. v. Albuquerque Pub. Schs.,* No. CIV 05-580 JB/WPL, 2006 WL 1305032, at *3 (D.N.M. Jan. 17, 2006) (denying defendants' motion to dismiss equal protection claim after SROs questioned undocumented students about their immigration status on school grounds); *Benacquista v. Spratt*, 217 F. Supp. 3d 588, 601-02 (N.D.N.Y. 2016) (denying motion to dismiss student's claim that the school district failed to act or supervise an SRO).

45. N.Y. Educ. Law § 2801-a(10).

46. Schools are encouraged to consult New York Civil Liberties Union, *Recommendations for a Memorandum of Understanding Between Schools and Police* (Dec. 13, 2019), *available at* https://www.nyclu.org/uploads/2019/12/mou_recommendations_for_schools_and_police_0.pdf.

47. We recommend school districts' policies include language to the effect of: Nothing in this policy prohibits any local agency from sending to or receiving from any local, state, or federal agency—as per 8 U.S.C. § 1373—(i) information regarding an individual's country of citizenship or (ii) a statement of the individual's immigration status.

48. Dignity for All Students Act ("DASA"), N.Y. Educ. Law §§ 10-18, 801-a, 2801; 8 N.Y.C.R.R. § 100.2; N.Y. Exec. Law § 296(4); Title VI, Civil Rights Act, *supra* note 43. These protections cover students not just on school property but also at school functions and online cyberbullying. N.Y. Educ. Law §§ 11-12.

49. SED, The Dignity Act Resources, *available at* https://www.nysed.gov/student-support-services/dignity-act-resources; *see also* 2017 DASA Memo, *supra* note 1.

50. *Id.*; N.Y. Educ. Law §§ 10-18.

51. N.Y. Civ. Rights Law § 79-n.

52. *See* Appendix for information on filing a complaint with the OAG Hate Crimes and Bias Prevention Unit.